

ঢাবির ২৯তম উপাচার্য হচ্ছেন অধ্যাপক মাকসুদ কামাল

ঢাবি প্রতিবেদক

১৪ অক্টোবর ২০২৩, ০১:৩৪ এএম



অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২৯তম উপাচার্য হিসেবে নিয়োগ পেতে যাচ্ছেন অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল। আজ শনিবার দিবাগত রাতে বিশ্ববিদ্যালয়ের একাধিক সূত্র বিষয়টি আমাদের সময়কে নিশ্চিত করেছে। আগামীকাল রবিবার বিষয়টি শিক্ষা মন্ত্রণালয় থেকে আনুষ্ঠানিকভাবে প্রজ্ঞাপন জারি করা হবে।

বিশ্ববিদ্যালয় সূত্র জানিয়েছে, রবিবার শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য হবেন অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল।

নাম প্রকাশে অনিচ্ছুক এক সিনিয়র শিক্ষক বলেন, ‘আমি বিষয়টি শুনেছি। বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষকদের মধ্যে এই নিয়ে আলোচনা হচ্ছিল। রবিবার শিক্ষা মন্ত্রণালয় থেকে

আনুষ্ঠানিকভাবে প্রজ্ঞাপন জারি করা হবে।'

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের নীল দলের সিনিয়র এক শিক্ষক বলেন, 'বিষয়টি সঠিক। আনুষ্ঠানিকভাবে রবিবার নতুন উপাচার্যের বিষয়টি শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনের মাধ্যমে সবার সামনে আসবে।'

এর আগে ২০২০ সালের জুন মাস থেকে অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য(শিক্ষা) হন। তিনি বিশ্ববিদ্যালয়ের ডিজাস্টার সায়েন্স এন্ড ক্লাইমেট রেজিলিয়েন্স বিভাগের অধ্যাপক। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির চারবারের নির্বাচিত সভাপতি। বিশ্ববিদ্যালয়ের আওয়ামী লীগ-সমর্থক শিক্ষকদের সংগঠন নীল দলের আহ্বায়কের দায়িত্বেও ছিলেন। এ ছাড়াও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ও সিন্ডিকেট সদস্য। দুই মেয়াদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাস্টারদা সূর্যসেন হলের প্রাধ্যক্ষের দায়িত্বেও ছিলেন এই শিক্ষক।

অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল লক্ষ্মীপুর জেলার এক সন্ত্রান্ত মুসলিম পরিবারে ২১ নভেম্বর ১৯৬৬ সালে জন্মগ্রহণ করেন। তার বাবা মরহুম ফরিদ আহমেদ এবং মা মরহুমা মাচুমা খাতুন ছিলেন সমাজহিতৈষী ও বিদ্যানুরাগী ব্যক্তিত্ব। তার বাবা একজন সুপরিচিত ও প্রতিষ্ঠিত ব্যবসায়ীও ছিলেন। ড. মাকসুদ কামালের অগ্রজ প্রয়াত এ কে এম শাহজাহান কামাল বাংলাদেশ সরকারের বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মন্ত্রীর দায়িত্ব পালন করেন এবং তিনি মেয়াদে তিনি জাতীয় সংসদ সদস্য নির্বাচিত হয়েছিলেন। ড. মাকসুদ কামালের স্ত্রী সৈয়দা আফসানা ফেরদৌসি একজন শিক্ষাবিদ এবং ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেসের (ইউআইটিএস) লিবারেল আর্টস ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিনের দায়িত্ব পালন করছেন। তিনি দুই ছেলে ও এক মেয়ের জনক।